# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১

৩. কিতাবুল ইসরা [ও মে’রাজ] (الإسراء)

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَنْبَأَنَا عَبْدُ الرَّزَّاقِ أَنْبَأَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(لَيْلَةَ أُسري بِي لَقِيتُ مُوسَى رَجِلَ الرَّأْسِ كَأَنَّهُ مِنْ رِجَالِ شَنُوءَةَ وَلَقِيتُ عِيسَى فَإِذَا رَجُلٌ أَحْمَرُ كَأَنَّهُ خَرَجَ مِنْ دِيمَاسٍ ـ يَعْنِي مِنْ حَمَّامٍ ـ وَرَأَيْتُ إِبْرَاهِيمَ وَأَنَا أَشْبَهُ وَلَدِهِ بِهِ فأُتيت بِإِنَاءَيْنِ: أَحَدُهُمَا خَمْرٌ وَالْآخَرُ لَبَنٌ فَقِيلَ لِي: خُذْ أَيَّهُمَا شِئْتَ فَأَخَذْتُ اللَّبَنَ فَقِيلَ لِي: هُديت الفطرة أما إنك لوأخذت الخمر غوت أمتك)
□□ □□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح ـ ((تخريج فقه السيرة)): ق.

الحديث: 51 ¦ الجزء: 1 ¦ الصفحة: 182

বাংলা

ذِكْرُ وَصْفِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُوسَى وَعِيسَى وَإِبْرَاهِيمَ صَلَوَاتُ اللَّهِ عَلَيْهِمْ حَيْثُ رَآهُمْ لَيْلَةَ أُسْرِيَ بِهِ

ইসরার রাতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মূসা, ঈসা, ইবরাহীম আলাইহিমুস সালাম -কে যেমন দেখেছিলেন, তাঁদের বৈশিষ্ট্য বর্ণনা:

৫১. আবূ হুরাইরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ইসরার

(মিরাজের) রাতে আমি মূসা (আঃ)-এর দেখা পেয়েছি। তিনি মাথায় লম্বা চুলবিশিষ্ট, যেন শানুআ গোত্রের একজন লোক। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি ’ঈসা (আঃ)-এর দেখা পেয়েছি। তিনি হলেন মাঝারি গড়নের রক্তিম বর্ণবিশিষ্ট, যেন তিনি এই মাত্র হাম্মামখানা থেকে বেরিয়ে এসেছেন।[1] আর আমি ইব্রাহীম (আঃ)-কেও দেখেছি। তাঁর সন্তানদের মধ্যে আমিই আকৃতিতে তার অধিক সদৃশ। অতঃপর আমার সামনে দু’টি পেয়ালা আনা হল। একটিতে দুধ, অপরটিতে শরাব। আমাকে বলা হলো, আপনি যেটি ইচ্ছা গ্রহণ করতে পারেন। আমি দুধের পেয়ালাটি গ্রহণ করলাম (পান করলাম)। তখন আমাকে বলা হলো, আপনাকে ফিতরাত বা স্বভাবধর্মের প্রতি পথ প্রদর্শন করা হয়েছে। জেনে রাখুন, আপনি যদি শরাব গ্রহণ করতেন, তাহলে আপনার উম্মাত পথভ্রষ্ট হয়ে যেত।[2]

## ফুটনোট

[1] অর্থাৎ (গোসলের পরে চেহারার উজ্জ্বলতা ও সজীবতা। গোসল থেকে বের হলে যেমন চেহারায় পানির ফোটা থাকে, তদ্রুপ ঈসা আ: এর চেহারা ঘামের কারণে ভেজা ছিল, কিংবা চেহারা সৌন্দর্য ও উজ্জ্বলতা পানি টপকানোর মতো ঝলমল করছে।”- মিরকাতুল মাফাতীহ বিশরতে মিশকাতুল মাসাবীহ)।

[2] আলবানী: সহীহ।

আরনাউত্ব: সহীহ।

তাখরীজ: আবূ আউয়ানাহ ১/১২৯; আহমাদ ২/২৮২; বুখারী ৩৪৩৭; মুসলিম, ১৬৮; তিরমিযী, ৩১৩০; নাসাঈ ৮/৩১২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86949

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন